16

দৈনিক ইনকিলাব

তারিখ 02 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৭

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইংলিশ স্পিকিং কোর্স

ইংরেজীতে দক্ষতা থাকা প্রতিটি ব্যক্তিরই প্রয়োজন। বিগত বেশ কয়েকটি বছর ধরে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক না থাকায় যারা স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেছেন, তাঁদের প্রায় সবাই ইংরেজীতে কাঁচা— এটা স্বীকার করতেই হবে। অথচ ইংরেজীতে ভাল জ্ঞান না থাকলে একটা ন্যূনতম চাকরির আশাও করা যায় না। এলক্ষ্যে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের "ইংলিশ স্পিকিং কোর্স"টি যাতে সাধারণ পরিবারের ছাত্র/ ছাত্রীরাও করতে পারে সে সুযোগ করে দেয়া উচিত। উল্লেখ্য বর্তমানে কোর্স ফি ধার্য করা হয়েছে ২০০০ (দুই হাজার) টাকা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিয়মিত এ কোর্সটির ফি মাত্র ১২০ (একশ' বিশ) টাকা। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোর্সটি অবশ্য দূরশিক্ষণ পদ্ধতি। তবুও তাঁদের ক্যাসেট ও অন্যান্য আনুসঙ্গিক বই সরবরাহ বাবদ এর ফি ৫০০/৬০০ টাকা হতে পারে। যেহেতু এটি কোন ব্যবসা প্রতিষ্ঠান নয়, সেহেতু জাতীয় স্বার্থের প্রতি লক্ষ্য করে এ কোর্সটিতে সাধারণ ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের সুযোগ দানের জন্য কর্তৃপক্ষের সার্বিক সহযোগীতা কামনা করছি।

—মিঠু, খোকন, বিথী, রুমা,
চট্টগ্রাম আইন কলেজ।

SHEET —— OF —— SHEETS